



একাত্তর টিভির সম্পাদক মোজাম্মেল বাবুর জামিন নামঞ্জুর



একাত্তর টিভির সম্পাদক মোজাম্মেল বাবু। ছবি: সংগৃহীত

চাঁদাবাজির একটি মামলায় একাত্তর টিভির প্রধান সম্পাদক মোজাম্মেল বাবুর করা জামিন আবেদন খারিজ করে দিয়েছেন হাইকোর্ট।

মঙ্গলবার (৫ মে) বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সম্মুখে গঠিত বেঞ্চ এ সিদ্ধান্ত দেন।

মামলার নথি অনুযায়ী, গত বছরের ১১ জানুয়ারি রাজধানীর বনানী থানায় বৈশাখী মিডিয়া লিমিটেডের চেয়ারম্যান চৌধুরী মো. হুমায়ুন কবির বাদী হয়ে মোজাম্মেল বাবুসহ তিনজনের বিরুদ্ধে মামলা করেন।

অভিযোগে বলা হয়, ২০০৭ সালের ১৭ মার্চ সেনা-সমর্থিত সরকারের সময় তারা বৈশাখী টিভির কার্যালয়ে গিয়ে বিপুল অঙ্কের চাঁদা দাবি করেন। পাশাপাশি টিভির শেয়ার গ্রহণে চাপ সৃষ্টি করা হয়। এক পর্যায়ে তিন লাখ টাকার শেয়ারের ফরমে স্বাক্ষর নেওয়া হয় এবং অফিসের আলমারিতে থাকা প্রায় সাড়ে চার লাখ টাকা নিয়ে যাওয়া হয় বলে অভিযোগে উল্লেখ আছে।

এর আগে একই মামলায় মোজাম্মেল বাবুকে কেন জামিন দেওয়া হবে না তা জানতে চেয়ে হাইকোর্ট রুল জারি করেছিল। বিচারপতি এ এস এম আবদুল মোবিন ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজার বেঞ্চ গত ২৭ এপ্রিল ওই রুল দেয়।

অন্যদিকে, ২০২৪ সালের রাজনৈতিক পরিবর্তনের পর আত্মগোপনে চলে যান মোজাম্মেল বাবু। পরবর্তীতে ১৬ সেপ্টেম্বর ময়মনসিংহের ধোবাউড়া সীমান্ত এলাকা দিয়ে অবৈধভাবে ভারতে যাওয়ার সময় তিনি ও সাংবাদিক শ্যামল দত্ত আটক হন। তখন থেকেই তারা কারাগারে রয়েছেন।